



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৮৮

তারিখ: ১ আষাঢ়, ১৪২৭

১৫ জুন ২০২০

বিষয়: রাজশাহী বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে ৫৪০০ মে.টন বোরো'২০ সিদ্ধিচালের চলাচল সূচির পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১১/০৬/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২২৪.৪০.০০১.১৯-২৭৫৫ নং এবং ১৪/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৪০.০০১.১৯-২৭৮৬ স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোরো'২০২০ সংগ্রহ মৌসুমে ধান, চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও বগুড়া জেলার বিভিন্ন এলএসডি হতে সদ্য সংগৃহীত বোরো'২০ সিদ্ধি চাল মুলাডুলি/সান্তাহার সিএসডি/সান্তাহার ওয়ারহাউজে আপৎকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসি/আইআরটিসি সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও বগুড়া জেলার যেসকল এলএসডিতে ধারণ ক্ষমতার অতিরিক্ত খাদ্যশস্য মজুত রয়েছে ঐ সকল এলএসডি হতে বোরো/২০২০ সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে পাবনা জেলার মুলাডুলি সিএসডি এবং বগুড়া জেলার সান্তাহার সিএসডিতে মোট ৫৪০০ মে.টন বোরো'২০২০ সিদ্ধি চাল ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে চলাচল সূচির পূর্বানুমোদন নিম্নোক্তভাবে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সারণি-১ : রাজশাহী বিভাগে সিদ্ধি চালের চলাচল সূচির পূর্বানুমোদন এর প্রস্তাব


ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নাটোর	বনপাড়া এলএসডি	পাবনা	মুলাডুলি সিএসডি	৫০০	বোরো'২০ সিদ্ধি চাল	সড়ক	
২.	বগুড়া	মির্জাপুর এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	নন্দীগ্রাম এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৪.	ঐ	মোকামতলা এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৫.	ঐ	দুপচাঁচিয়া এলএসডি	বগুড়া	সান্তাহার সিএসডি	৬০০	ঐ	ঐ	
৬.	ঐ	নশরৎপুর এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৭.	নওগাঁ	মাতাজীহাট এলএসডি	ঐ	ঐ	৮০০	ঐ	ঐ	

চ.	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ এলএসডি	পাবনা	মুলাডুলি সিএসডি	১৫০০	ঐ	ঐ	
				মোট =	৫৪০০			

#### অনুসরণীয় নির্দেশনাঃ

- (১) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে।
- (২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- (৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৫-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৮৮/১(১২)

তারিখ: ১ আষাঢ়, ১৪২৭

১৫ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর, রাজশাহী।
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী।
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।
- ১২) ব্যবস্থাপক, সান্তাহার/মুলাডুলি সিএসডি।



১৫-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক